**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

**সংবাদ গতিধারা**
**সংখ্যা : ৯/২০১৭**

**ঢাকা, বুধবার ১১ জানুয়ারি ২০১৭, ২৮ পৌষ ১৪২৩**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। জঙ্গি ও সন্ত্রাসের বিরুদ্ধে দেশবাসীকে ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান প্রধানমন্ত্রীর

২। পল্লি সড়কে গুরুত্বপূর্ণ সেতুসহ ৯ প্রকল্প একনেকে অনুমোদন

৩। বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস পালিত

৪। রাষ্ট্রপতির সঙ্গে আওয়ামী লীগের সংলাপ আজ : নেতৃত্ব দেবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা

৫। সিলেটে দশ উন্নয়ন প্রকল্প উদ্বোধন করলেন অর্থমন্ত্রী

৬। নতুন পাঠ্যবইয়ের ভুল অমার্জনীয় : শিক্ষামন্ত্রী

৭। অপ্রাতিষ্ঠানিক খাতের শ্রমিকেরা পাবেন ভবিষ্য তহবিল সুবিধা : শ্রম ও কর্মসংস্থান প্রতিমন্ত্রী

৮। অচিরেই হত্যাকারীদের খুঁজে বের করে আইনের আওতায় আনা হবে : আইজিপি

৯। রোহিঙ্গা ইস্যু আলোচনার জন্য সুচির বিশেষ দূত ঢাকায়

১০। পাঁচস্তরের জনপ্রতিনিধিদের সম্মানী বেড়েছে : প্রজ্ঞাপন জারি

১১। অর্ধেকের বেশি পেনশন বিক্রি করা যাবে না : প্রজ্ঞাপন জারি

১২। ঢাকা স্টক এক্সচেঞ্জে সাড়ে পাঁচ বছরের মধ্যে সর্বোচ্চ লেনদেন

চলমান পাতা-২

**১। জঙ্গি ও সন্ত্রাসের বিরুদ্ধে দেশবাসীকে ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান প্রধানমন্ত্রীর**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, আন্দোলনের নামে সন্ত্রাস, নৈরাজ্য সৃষ্টি, মানুষ পুড়িয়ে হত্যা, অগ্নিসংযোগ, তান্ডব চালানোসহ জঙ্গিবাদ সৃষ্টি ও উস্কানি দেওয়ার অপরাধে বিএনপি-জামায়াতের বিচার হবে। যারা মানুষ হত্যা করে, যুদ্ধাপরাধীদের মন্ত্রী বানায়, তাদের মুখে গণতন্ত্র ও গণতন্ত্র সুরক্ষার কথা মানায় না। বাংলার মানুষ একদিন তাদের বিচার করবে। গণআদালতেই তাদের বিচার হবে। জঙ্গি ও সন্ত্রাসের বিরুদ্ধে দেশবাসীকে ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান পুর্নব্যক্ত করে আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনা বলেন, দেশে জঙ্গিবাদের স্থান হবে না, সন্ত্রাসের স্থান হবে না। গতকাল ১০ জানুয়ারি মঙ্গলবার ঐতিহাসিক সোহরাওয়ার্দী উদ্যানে বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস উপলক্ষে আওয়ামী লীগের বিশাল জনসভায় সভাপতির বক্তব্যে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.২), **ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৫)। **জনকণ্ঠ, যায়যায়দিন, ইনকিলাব, সংবাদ, এশিয়ান এজ** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**ইত্তেফাক, যুগান্তর, জনকণ্ঠ, প্রথম আলো, সমকাল**সহ অধিকাংশ পত্রিকা এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।

**২। পল্লি সড়কে গুরুত্বপূর্ণ সেতুসহ ৯ প্রকল্প একনেকে অনুমোদন**

পল্লি সড়কে গুরুত্বপূর্ণ সেতু নির্মাণসহ ৯ প্রকল্প অনুমোদন দিয়েছে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক)। এগুলো বাস্তবায়নে মোট ব্যয় ধরা হয়েছে ৮ হাজার ৮৭৪ কোটি ১৬ লাখ টাকা। এর মধ্যে সরকারি তহবিল থেকে ৭ হাজার ৩২৯ কোটি ১৬ লাখ টাকা, বাস্তবায়নকারী সংস্থা থেকে ৫০ কোটি ৯ লাখ টাকা এবং বৈদেশিক সহায়তা থেকে ১ হাজার ৪৯৪ কোটি ৯১ লাখ টাকা জোগান দেওয়া হবে। গতকাল ১০ জানুয়ারি মঙ্গলবার রাজধানীর শেরেবাংলা নগরের এনইসি সম্মেলন কক্ষে অনুষ্ঠিত একনেক বৈঠকে এ অনুমোদন দেওয়া হয়। এতে সভাপতিত্ব করেন প্রধানমন্ত্রী ও একনেক চেয়ারপারসন শেখ হাসিনা। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.২), **ইত্তেফাক** (পৃ.১৮,ক.৬), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.২), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.১)।

**৩। বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস পালিত**

নানা কমসূচির মধ্য দিয়ে গতকাল ১০ জানুয়ারি মঙ্গলবার রাজধানী ঢাকাসহ সারাদেশে বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস পালিত হয়েছে। সকালে আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যালয়, বঙ্গবন্ধু ভবনসহ সারাদেশে দলীয় কার্যালয়ে জাতীয় ও দলীয় পতাকা উত্তোলনের মধ্য দিয়ে দিনের কর্মসূচি শুরু হয়। সকাল ৭ টায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ধানমন্ডির বঙ্গবন্ধু ভবন প্রাঙ্গণে জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধা জানান। এ সময় তিনি সেখানে কিছুক্ষণ নীরবে দাঁড়িয়ে থাকেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনা পরে আওয়ামী লীগ সভাপতি হিসেবে দলের কেন্দ্রীয় নেতাদের নিয়ে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধা জানান। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৫), **ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **এশিয়ান এজ** (পৃ.১০,ক.৭), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৪,ক.৩)।

**৪। রাষ্ট্রপতির সঙ্গে আওয়ামী লীগের সংলাপ আজ : নেতৃত্ব দেবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা**

নির্বাচন কমিশন পুনর্গঠন নিয়ে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের সঙ্গে আজ ১১ জানুয়ারি বুধবার বিকেল ৪ টায় আলোচনায় বসবে ক্ষমতাসীন দল আওয়ামী লীগ। বঙ্গভবনের দরবার হলে আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনার নেতৃত্বে ১৯ সদস্যের প্রতিনিধি দল এ সংলাপে অংশ নেবেন। প্রতিনিধি দলে থাকবেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদকসহ দলের সভাপতিমন্ডলীর সদস্য, উপদেষ্টা পরিষদের সদস্য ও যুগ্ম সম্পাদকগণ। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **সমকাল** (পৃ.১৯,ক.৮), **এশিয়ান এজ** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৪)।

**৫। সিলেটে দশ উন্নয়ন প্রকল্প উদ্বোধন করলেন অর্থমন্ত্রী**

দশ উন্নয়ন প্রকল্প উদ্বোধন করেছেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। গতকাল ১০ জানুয়ারি মঙ্গলবার সকাল সাড়ে ৯ টায় সিলেট আদালত প্রাঙ্গণে এক অনুষ্ঠানে এসব প্রকল্পের আনুষ্ঠানিক উদ্বোধনের ফলক উন্মোচন করেন তিনি। প্রকল্পগুলো হচ্ছে সিলেট জেলা আইনজীবী সমিতির নবনির্মিত ৫ তলা বিশিষ্ট ৫ নং বার হল ভবন, সার্কিট হাউস প্রাঙ্গণে নির্মিত মুক্তিযুদ্ধের স্মৃতিস্তম্ভ 'উদ্দীপন', শাহী ঈদগাহের মিনার কমপ্লেক্স, সিটি কর্পোরেশনের নির্মিত ৪টি সড়ক, পিডিবি-১ এর ভবন, লাক্কাতুরা হাইস্কুল, বাদাঘাট পল্লি বিদ্যুৎ সাব স্টেশন, জালালাবাদ ইউনিয়ন পরিষদ কমপ্লেক্সের ভবন, রাখালগুলো প্রাথমিক বিদ্যালয় ও জৈনকারকান্দি প্রাথমিক বিদ্যালয়ের নতুন ভুবন। এসব প্রকল্প সরকারি অর্থায়নে বাস্তবায়ন করা হয়েছে। ফলক উন্মোচন শেষে সিলেট জেলা আইনজীবী সমিতি আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখেন অর্থমন্ত্রী। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.১), **সমকাল** (পৃ.১৯,ক.৮), **বাংলাদেশ টুডে** (পৃ.৬,ক.১), **নিউজ টুডে** (পৃ.২,ক.২)।

**৬। নতুন পাঠ্যবইয়ের ভুল অমার্জনীয় : শিক্ষামন্ত্রী**

শিক্ষার্থীদের হাতে তুলে দেওয়া নতুন পাঠ্যবইয়ে অমার্জনীয় ভুলভ্রান্তি স্বীকার করে ঘটনায় জড়িত সকলকে শাস্তির আওতায় আনার ঘোষণা দিয়েছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। গতকাল ১০ জানুয়ারি মঙ্গলবার সচিবালয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে তিনি দায়ী কর্মকর্তাদের হুঁশিয়ার করে দিয়ে বলেন, বড় বড় ভুল যেমন-কভার পেজে বড় অক্ষরে ছাপার শব্দে ভুল, কবিতা বিকৃতি। যাদের জন্য এ বড় ভুল তাদের কেউ রেহাই পাওয়ার যোগ্য নয়। ভুল কিভাবে সংশোধন করা যায়, তা নিয়ে কাজ চলছে। ইতোমধ্যে তদন্ত কমিটির প্রাথমিক প্রতিবেদনের আলোকে দুজনকে ওএসডি করা হয়েছে। চূড়ান্ত প্রতিবেদন পেলে জড়িত সবাইকে শাস্তির আওতায় আনা হবে। নতুন পাঠ্যবইয়ে ভুলত্রুটির ঘটনায় জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের (এনসিটিবি) এক কর্মকর্তাকে সাসপেন্ড করেছে কর্তৃপক্ষ। এনসিটিবির আর্টিস্ট কাম ডিজাইনার সুজাউল আবেদিনকে গতকাল ১০ জানুয়ারি মঙ্গলবার সাময়িক বরখাস্ত করা হয়। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৫), **সমকাল** (পৃ.১,ক.২), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৭), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৭)।

**৭। অপ্রাতিষ্ঠানিক খাতের শ্রমিকেরা পাবেন ভবিষ্য তহবিল সুবিধা : শ্রম ও কর্মসংস্থান প্রতিমন্ত্রী**

দেশের অপ্রাতিষ্ঠানিক খাতের শ্রমিকদেরও ভবিষ্য তহবিল বা প্রভিডেন্ট ফান্ডের আওতায় আনা হবে বলে জানিয়েছেন শ্রম ও কর্মসংস্থান প্রতিমন্ত্রী মো. মুজিবুল হক। তিনি বলেছেন, ভবিষ্যতে আর কোনো শ্রমিক অসহায় থাকবেন না। রাজধানীতে সিরডাপ মিলনায়তনে গতকাল ১০ জানুয়ারি মঙ্গলবার কর্মক্ষেত্রে সামাজিক নিরাপত্তা বিষয়ক অ্যালামনাইয়ের সংবিধান চূড়ান্ত করার লক্ষ্যে আয়োজিত সাধারণ সভায় প্রধান অতিথির বক্তৃতায় তিনি এসব কথা বলেন। সূত্র-**প্রথম আলো** (পৃ.১৩,ক.১), **সংবাদ** (পৃ.৪,ক.৪), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.২)।

**৮। অচিরেই হত্যাকারীদের খুঁজে বের করে আইনের আওতায় আনা হবে : আইজিপি**

গাইবান্ধার সুন্দরগঞ্জ উপজেলায় আইন-শৃঙ্খলাবিষয়ক মতবিনিময় সভায় পুলিশের মহাপরিদর্শক আইজিপি এ কে এম শহিদুল হক বলেন, গাইবান্ধা-১ সুন্দরগঞ্জ আসনের এমপি মঞ্জুরুল ইসলাম লিটনের হত্যাকারী যেই হোক না কেন, অচিরেই তাদের খুঁজে বের করে আইনের আওতায় আনা হবে। তিনি বামনডাঙ্গা আব্দুল হক ডিগ্রী কলেজ মাঠে প্রধান অতিথির বক্তৃতায় এ কথা বলেন। সূত্র-**ইনকিলাব** (শেষ পৃ.,ক.১), **সংবাদ** (পৃ.১,ক.৪), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.২), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.২)।

**৯। রোহিঙ্গা ইস্যু আলোচনার জন্য সুচির বিশেষ দূত ঢাকায়**

রোহিঙ্গা শরণার্থী ইস্যুতে অলোচনার লক্ষ্যে ঢাকায় এসেছেন মিয়ানমারের বিশেষ দূত ও দেশটির পররাষ্ট্র প্রতিমন্ত্রী ইউ কিও তিন। তিনি গতকাল ১০ জানুয়ারি মঙ্গলবার হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে পৌঁছেন। মিয়ানমারের বিশেষ প্রতিনিধি প্রধানমন্ত্রী শেখ হাসিনা ছাড়াও সরকারের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তার সঙ্গে রোহিঙ্গা বিষয়ে আলোচনা করবেন। গত ৯ অক্টোবর বাংলাদেশে-মিয়ানমার সীমান্তে দেশের পুলিশ চৌকিতে আক্রমণে কয়েকজন পুলিশ সদস্য নিহত হন। এর তিন মাস পর বাংলাদেশের সঙ্গে আলোচনার সিদ্ধান্ত নিয়েছে মিয়ানমার। আর এই লক্ষ্যেই ঢাকায় বিশেষ দূত হিসেবে দেশটির পররাষ্ট্র প্রতিমন্ত্রী ইউ কিও তিনকে পাঠিয়েছে সে দেশের সরকার। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **সংবাদ** (পৃ.১,ক.১), **এশিয়ান এজ** (পৃ.১,ক.১) **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.১)।

**১০। পাঁচস্তরের জনপ্রতিনিধিদের সম্মানী বেড়েছে : প্রজ্ঞাপন জারি**

স্থানীয় সরকার বিভাগের অধীন ৫ টিস্তরের জনপ্রতিনিধিদের মাসিক সম্মানী ভাতা বৃদ্ধি বাড়ানো হয়েছে। জনপ্রতিনিধিরা হলেন সিটি করপোরেশনের মেয়র ও কাউন্সিলর, পৌরসভার মেয়র ও কাউন্সিলর, জেলা পরিষদের চেয়ারম্যান ও সদস্য, উপজেলা পরিষদের চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যান এবং ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও সদস্যরা। গত ১ জুলাই ২০১৬ তারিখ থেকে এ সুবিধা প্রাপ্য হবেন। সম্প্রতি স্থানীয় সরকার বিভাগ থেকে এ সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করা হয়। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৭), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৭), **যুগান্তর** (শেষ পৃ.,ক.৪), **অবজারভার** (শেষ পৃ.,ক.৮)।

**১১। অর্ধেকের বেশি পেনশন বিক্রি করা যাবে না : প্রজ্ঞাপন জারি**

সরকারি চাকরিজীবীর পেনশনের ৫০ শতাংশ পরিবারের জন্য সংরক্ষণ বাধ্যতামূলক করা হয়েছে। ফলে অবসরে যাওয়ার সময় কর্মকর্তা-কর্মচারীরা তাদের পেনশন অর্ধেকের বেশি সরকারের কাছে বিক্রি করতে পারবে না। তবে বাধ্যতামূলক ৫০ শতাংশ পেনশনের ওপর প্রতি বছর ৫ শতাংশ হারে বার্ষিক ইনক্রিমেন্ট পাবেন। এ সংক্রান্ত

একটি প্রজ্ঞাপন গত ৯ জানুয়ারি সোমবার জারি করেছে অর্থ মন্ত্রণালয়। এটি আগামী পহেলা জুলাই থেকে কার্যকর হবে। সূত্র-**যুগান্তর** (পৃ.১,ক.১), **প্রথম আলো** (পৃ.১,ক.২)।

**১২। ঢাকা স্টক এক্সচেঞ্জে সাড়ে পাঁচ বছরের মধ্যে সর্বোচ্চ লেনদেন**

পুঁজিবাজারে বেড়েই চলেছে সার্বিক মূল্য সূচক। টানা দশদিন বাড়ার পর একদিন কিছুটা সংশোধন হলেও গত দুইদিনে ঢাকা স্টক এক্সচেঞ্জের (ডিএসই) সার্বিক মূল্য সূচক বেড়েছে ১১০ পয়েন্টেরও বেশি। লেনদেনও বাড়ছে দিন দিন। গতকাল ১০ জানুয়ারি মঙ্গলবার ডিএসইতে লেনদেন হয়েছে ১৬৯৬ কোটি টাকা। যা গত সাড়ে পাঁচ বছরের মধ্যে সর্বোচ্চ। এই লেনদেনের মধ্যে ব্লক মার্কেটের লেনদেনের অবদান ৬ কোটি ৬৪ লাখ টাকা। বাজার সংশ্লিষ্টরা বলছেন, পুঁজিবাজারে গত প্রায় তিন মাস ধরে সূচক ঊর্ধ্বমুখী রয়েছে। বাজারে বিনিয়োগকারীদের আস্থা বাড়ছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮,ক.২), **সংবাদ** (পৃ.১৪,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১২,ক.১), **এশিয়ান এজ** (পৃ.১১,ক.৪)।

**সম্পাদকীয়**

**ক.** **ইত্তেফাক, সংবাদ, নিউ নেশন :** রাজধানীর উত্তরা এলাকায় কিশোরদের একটি অংশ 'গ্যাং কালচারের' নামে দিন দিন ভয়ঙ্কর হয়ে উঠার খবরে উদ্বেগ প্রকাশ করে কিশোরদের মধ্যে এই ধ্বংসাত্মক প্রবণতা প্রতিরোধে অভিভাবকদের সচেতন হওয়ার পাশাপাশি স্কুলগুলোতেও গঠনমূলক পদক্ষেপ নেওয়ার আহ্বান।

**খ.** **সংবাদ :** নারীর প্রতি সহিংসতা বন্ধে সরকারকে আরও কঠোর হওয়াসহ সহিংসতার অপরাধে অভিযুক্ত অপরাধীকে আইনের আওতায় আনার সুপারিশ।

**গ.** **জনকণ্ঠ :** ইসলামী ব্যাংকটিতে যেভাবে সংস্কার কার্যক্রম শুরু হয়েছে তা ইতিবাচক ফল বয়ে আনবে বলে গ্রাহক ও আমানতকারীদের অভিমত।

**ঘ.** **প্রথম আলো :** রেলওয়ের অনুমোদনহীন ২ হাজার ৫৪১ টি লেভেল ক্রসিংয়ের ৮৫ ভাগ ক্রসিংই অরক্ষিত থাকায় মানুষের নিরাপত্তার বিষয়টি বিবেচনায় নিয়ে প্রতিটি ক্রসিংয়ে গেটম্যান ও প্রতিবন্ধক বার নিশ্চিত করার সুপারিশ।

**ঙ.** **সমকাল :** গত এক বছরে আটটি দস্যু বাহিনীর অন্তত ৭২ জন সদস্যের আত্মসমর্পণের পরিপ্রেক্ষিতে এদের কর্মসংস্থানে সরকারের পাশাপাশি স্থানীয় জনপ্রতিনিধি ও উন্নয়ন সংস্থাগুলোকে এগিয়ে আসার আহ্বান।

**চ.** **যুগান্তর :** ডাক্তারের প্রেসক্রিপশন লেখা সম্পর্কিত হাইকোর্টের নির্দেশনা বাস্তবায়নে সরকারকে জোরালো পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

**ছ.** **ইন্ডিপেনডেন্ট :** রাজশাহী এবং রংপুর বিভাগে ধুমপান নিয়ন্ত্রণে আইনের কঠোর প্রয়োগের ব্যাপারে স্থানীয় সরকার পর্যায়ে উদ্যোগের সাফল্যের প্রত্যাশা।

**জ.** **ডেইলি সান :** তিনদিনের উন্নয়ন মেলার উদ্বোধন অনুষ্ঠানে প্রধানমন্ত্রী দেশের উন্নয়নের স্বার্থে সংশ্লিষ্ট সবাইকে সহযোগিতাপূর্ণ মনোভাব নিয়ে কাজ করার যে আহ্বান জানিয়েছেন তাকে বর্তমান প্রেক্ষাপটে খুবই তাৎপর্যপূর্ণ বলে অভিমত।।

**ঝ.** **ডেইলি স্টার :** সরকারি বিভিন্ন প্রতিষ্ঠানের নির্মাণকাজে লোহার রডের পরিবর্তে বাঁশ ব্যবহারের অভিযোগকে গুরুত্বের সঙ্গে বিবেচনায় নিয়ে দ্রুত ঐসব স্থাপনা সংস্কার করাসহ সরকারি নির্মাণকাজ তদারকি করার ওপর গুরুত্বরোপ।

**ঞ.** **নিউ এজ :** সম্প্রতি বিদেশে বাংলাদেশি পেশাজীবী বিশেষ করে ডাক্তার, ইঞ্জিনিয়ার ও শিক্ষক প্রেরণ কমে যাওয়ায় সরকারকে বিষয়টি আমলে নিয়ে সমস্যা সমাধানে কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

**উপ-সম্পাদকীয়**

**যুগান্তর** পত্রিকায় প্রকাশিত কলামে যদি নারীবাদীরা দারিদ্র্য হ্রাস, সচেতনতা ও শিক্ষা বৃদ্ধি এবং সামাজিক নিরাপত্তা অর্জনে সহায়ক ভূমিকা পালন করে, তবে বাল্যবিয়ের সমস্যা দূর হওয়া আরও ত্বরান্বিত হবে বলে উল্লেখ করা হয়েছে।

**নিবন্ধ ও ফিচার**

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত কলামে **'নারী নির্যাতন প্রতিরোধে আমাদের অঙ্গীকার'** শিরোনামের নিবন্ধে কাঞ্চন দত্ত নারীর প্রতি সহিংসতা রোধে ব্যক্তি ও সমাজের দৃষ্টিভঙ্গির পরিবর্তন দরকার বলে উল্লেখ করে অর্ধেক জনগোষ্ঠী নারীর প্রতি সহিংসতা বন্ধ করতে না পারলে উন্নত ও সমৃদ্ধ দেশ গড়া সম্ভব হবে না বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ডালিয়া/শুকলা/মরজিনা/রশীদ/তানিয়া/২০১৬/৯.০০ ঘণ্টা